Ref.No.- 919/2026/S
Date : 24/07/2026

# ''আমার ভারত শ্রেষ্ঠ ভারত''

## বৈতা মহেন্দ্রনাথ হাইস্কুল (উঃমাঃ), মোহনপুর, পশ্চিম মেদিনীপুর

80th YEARS OF INDEPENDENCE

## আমন্ত্রনী

সুহৃদ ও সম্মানভাজন

অভিভাবক মন্ডলী, শুভানুধ্যায়ী এবং মোহনপুর ও পার্শ্ববর্তী এলাকার সকল বিদ্যালয় প্রধানগনকে ৮০ তম স্বাধীনতা দিবস উদযাপন অনুষ্ঠানে আমাদের বিদ্যালয় প্রাঙ্গনে উপস্থিত থাকার জন্য সাদর আমন্ত্রন জানাচ্ছি। তিন দিনের এই উৎসবের সংক্ষিপ্ত সূচি নিচে দেওয়া হল। আপনাদের উষ্ণ সান্নিধ্য উৎসবের দিনগুলিকে প্রানবন্ত ও আনন্দময় করে তুলুক।

ধন্যবাদ সহ -
বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা-শিক্ষাকর্মী গনের পক্ষে,

(কনককান্তি কর)
প্রধানশিক্ষক

## অনুষ্ঠান সূচি

- ১৪/০৮/২০২৬ (সকাল ১০ টায়) ঃ আন্তঃবিদ্যালয় খোখো (বালিকা) ও কাবাডি (বালক) প্রতিযোগিতা। নবম থেকে দ্বাদশ শ্রেনি পর্যন্ত পাঠরত ছাত্রছাত্রীরা অংশগ্রহন করতে পারবে। অংশগ্রহনকারী বিদ্যালয়ের প্রধানের স্বাক্ষরিত তালিকা ১২/০৮/২০২৬ তারিখের মধ্যে বিদ্যালয়ের কার্যালয়ে জমা দিতে হবে। বিস্তারিত নিয়মাবলী ক্রীড়া শিক্ষক জানাতে পারবেন (শ্রী শিবশঙ্কর দাস ঃ ৯৬৪৭৩৫৮৯৪৯)। অংশগ্রহনকারী ছাত্রছাত্রী ও একজন সহ শিক্ষক / শিক্ষিকার জন্য টিফিন / মিল / যাতায়াত খরচ দেওয়া হবে। চ্যাম্পিয়ন ও রানার্স টিম উপযুক্তভাবে পুরস্কৃত হবে।
- ১৫/০৮/২০২৬ ঃ সকাল ৮টায় জাতীয় পতাকা উত্তোলন, তারপর ছৌ নাচ - রনপা - লাইভ স্ট্যাচু - ঢাকী ইত্যাদি সহযোগে বর্নাঢ্য শোভা যাত্রা / শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় ও ছত্রপতি শিবাজীর মূর্তির আবরণ উন্মোচন / সাংস্কৃতিক অনুষ্ঠান / যেমন খুশী সাজো / ছাত্রছাত্রীদের প্রীতিভোজ ও অন্যান্য অনুষ্ঠান। সন্ধ্যা ৬টায় দেশাত্মবোধক তথ্যচিত্র প্রদর্শনী। সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রতিযোগিতায় অংশগ্রহনে ইচ্ছুক ছাত্রছাত্রীরা এই বিষয়ের দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের নিকট নাম জমা দিবে (শ্রী প্রমোদরঞ্জন নায়ক, শ্রী দীপক বর্মন)।
- ১৬/০৮/২০২৬ ঃ সকাল ১০ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত বিজ্ঞান বিষয়ক কর্মশালা, আলোচনা চক্র, বিজ্ঞানীর সঙ্গে কথা ও স্লাইড শো। সন্ধ্যা ৭ টা থেকে রাত ৮ টা পর্যন্ত টেলিস্কোপের সাহায্যে আকাশ পর্যবেক্ষন। পঞ্চম থেকে দ্বাদশ শ্রেনি পর্যন্ত সর্বাধিক ২৫০ জন ছাত্রছাত্রী অংশ গ্রহন করতে পারবে। টিফিন ও মিলের ব্যবস্থা থাকবে। অন্যান্য বিদ্যালয় থেকে সর্বাধিক ৪ জন বিজ্ঞান অনুরাগী ছাত্রছাত্রী ও ১ জন শিক্ষক / শিক্ষিকা অংশগ্রহন করতে পারবেন। সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধানের স্বাক্ষরিত অংশগ্রহনকারীদের তালিকা ১২/০৮/২০২৬ তারিখের মধ্যে এই বিদ্যালয়ের কার্যালয়ে জমা দিতে হবে। রেজিষ্ট্রেশন ফি বাবদ জন প্রতি ৫০.০০ টাকা জমা দিতে হবে। বিস্তারিত নিয়মাবলী বিজ্ঞান শিক্ষক জানাতে পারবেন (শ্রী অনির্বান রায় ঃ ৯৭৩৩৬৮৩৪৮৮)।

---

সার্থক জনম আমার জন্মেছি এই দেশে / সার্থক জনম মাগো তোমায় ভালবেসে। - রবীন্দ্রনাথ ঠাকুর